# টুঙ্গিপাড়া পৌরসভা কার্যালয়

## Town Level Cordination Committee (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী
## (জুলাই-সেপ্টেম্বর/২০২৪)

সভার স্থান ঃ পৌর সভাকক্ষ সভার তারিখ ঃ ২৫/০৯/২০২৪ খ্রিঃ সভার সময় ঃ ১০.৩০ ঘটিকায় সভার সভাপতি ঃ জনাব মোঃ গোলাম কবির প্রশাসক, টুঙ্গিপাড়া পৌরসভা।

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য বিশেষ আমন্ত্রিত অতিথি ঃ

সভা পরিচালনাকারী ঃ জনাব সাজিয়া শাহনাজ তমা, প্রধান নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা।

**আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিক ভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন জনাব সাজিয়া শাহনাজ তমা, প্রধান নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা। | কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে বলে সভায় মত ব্যক্ত হয়। | | বিগত TLCC সভার কার্যবিবরণী সঠিক ভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |

আলোচ্যসূচী - ২ ঃ বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

আলোচ্যসূচী - ২ (ক) ঃ পৌরকর ও পানির বিল আদায়ের বিষয়ে আলোচনা।

(খ) ঃ প্রয়োজনীয় পৌর সেবা সংক্রান্ত আলোচনা।

**ক্ষেত্র-১ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)**

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১. | (ক) TLCC গঠন কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন ২০০৯এর ১১৫ ধারা) | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা চলমান আছে এবং প্রয়োজনে বিশেষ সভা আহ্বান করা হয়। প্রতিটি সভায় সকল শ্রেনীর উপস্থিতিতে নারী ও পুরুষ সমান সুযোগ দেওয়া হয়। চলতি কোয়ার্টারে TLCC-র সভায় মোট উপস্থিত হয় ৩২ জন তার মধ্যে পুরুষ ১৭ জন এবং নারী ১৫ জন। | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (খ) WC গঠন কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন ২০০৯এর ১৪ ধারা ) | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠিত হয়নি । | নিয়মিতভাবে WC সভা অনুষ্ঠান চলমান রাখতে হবে । | সদস্য- সচিব, ওয়ার্ড কমিটি, (সকল) টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (গ) নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | কার্যক্রমটি চলমান আছে । | ১।পৌরসভার অভ্যন্তরে অভ্যর্থনা কেন্দ্র স্থাপন করা হয়েছে । এ বিষয়ে আলোচনা কালে প্রশাসক বলেন বর্তমানে প্রদর্শিত সিটিজেন চার্টার টি পুরাতন মডেল যা আবশ্যিকভাবে পরিবর্তন করে সর্বাপেক্ষা আধুনিক সিটিজেন চার্টার প্রণয়ন ও প্রদর্শন করার ব্যবস্থা করতে হবে।<br>২।চলতি কোয়ার্টারে বিভিন্ন বিষয়ে ০৫টি অভিযোগ জমা পড়েছে এবং তা নিস্পত্তি করা হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক 5th Genaration সিটিজেন চার্টার ১৫ দিনের মধ্যে প্রণয়ন করে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে । | প্রধান নির্বাহী কর্মকর্তা, টুঙ্গিপাড়া পৌরসভা। |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | (ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল গঠিত আছে। পৌরসভা অফিসে অভিযোগ বাক্স স্থাপন করা আছে। অভিযোগের ভিত্তিতে বাদী ও বিবাদীর উপস্থিতিতে অভিযোগ নিস্পত্তি করা হয়। প্রত্যেক ওয়ার্ডে পানি সরবরাহের সমস্যা, সড়ক বাতি, ড্রেন পরিষ্কার সংক্রান্ত সহ বিভিন্ন ধরনের সমস্যার অভিযোগ থাকে তা লিখিত বা মৌখিক ভাবে পৌরসভায় অভিযোগ করে থাকে। অভিযোগ দাখিলের ১৫ দিনের মধ্যে এর সমাধান করা হয়ে থাকে। প্যানেল মেয়র ও সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর গনের উপস্থিতিতে সমাধান করা হয়ে থাকে। অভিযোগ নিস্পত্তির রেজুলেশন প্রতি ০৩ মাস পর পর প্রকল্প ব্যবস্থাপনা-দপ্তরে পাঠানো হয়। তথ্য ও অভিযোগ প্রতিকার সেল ওয়েবসাইটে দিতে হয়। | প্রক্রিয়াটি অব্যহত থাকবে। | মোঃ ইউসুফ আলী উপ-সহকারী প্রকৌশলী, টুঙ্গিপাড়া পৌরসভা। |
| ২. | **নগর পরিকল্পনা** | | | | |
| | (ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রনয়ন ও বাস্তবায়ন | IUGIP সহ অন্যান্য প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ করা হয় । | IUGIP/TUNG/UT/02/2023 নং প্যাকেজ এর দরপত্র আহবান করা হয়েছে। আগামী ১৫/০৭/২০২৪ইং তারিখে দরপত্র দাখিলের দিন ধার্য্য করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকার উন্নয়ন কর্মকান্ড সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ পত্র প্রেরনের সুপারিশ। | নির্বাহী প্রকৌশলী, টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন | অনুমোদিত ভবন গুলো পৌরসভার প্রকৌশল শাখাকে নিয়মিত তদারকি করার সুপারিশ করা হয়। | জুলাই-সেপ্টেম্বর/২০২৪ ইং কোয়ার্টারে ০৫টি প্ল্যানের আবেদন জমা পড়েছে এবং ০৫টি প্ল্যান অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। | | মোঃ ইউসুফ আলী উপ-সহকারী প্রকৌশলী, টুঙ্গিপাড়া পৌরসভা। |
| ৩. | **নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ** | | | | |
| | (ক) জেন্ডার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা ) | | ১। GESIAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরে পৌরসভার রাজস্ব তহবিল থেকে ১% (৪,০০,৫২৩) টাকা বাজেট বরাদ্ধ রাখা হয়েছে এবং কর্মপরিকল্পনা পুনরায় তৈরী করা হয়েছে।<br>২। TLCC-এর সভাপতি বলেন দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ এর জন্য TLCC-এর সদস্য পেশাজীবী সমাজের প্রতিনিধি জনাব আফরোজা বেগম কে দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ কমিটির সভাপতি নির্বাচন করেন এবং কাজী সোফিদা আক্তার জোনাকীকে সদস্য-সচিব ও অবশিষ্ট মহিলাদের সদস্য করা হয়েছে।<br>৩। TLCC-এর সদস্য ও নাগরিক সমাজের প্রতিনিধি জনাব শেখ কাকলী বলেন যে, প্রকল্প থেকে কোয়ার্টালী প্রতি ওয়ার্ডে একটি করে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে এবং জনগনকে সচেতন করা হচ্ছে। | প্রক্রিয়াটি চলমান রয়েছে। | জুয়েল আহমেদ হিসাব সহকারী, টুঙ্গিপাড়া পৌরসভা। |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | (খ) দারিদ্র হ্রাসের কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা) | | ১। PRAP এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরের পৌরসভার রাজস্ব তহবিল থেকে ১% (৪,০০,৫২৩) টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং ২০২৪-২৫ অর্থবছরের একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে এবং কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন করা হচ্ছে।<br>২। দারিদ্র হ্রাসের কর্ম পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে, টুঙ্গিপাড়া পৌরসভার ০৯টি ওয়ার্ডে ০৫টি নিম্ন আয় কমিউনিটি উন্নয়ন কমিটির কার্যক্রম চলমান আছে। | প্রক্রিয়াটি চলমান রয়েছে। | প্রশাসন বিভাগ, টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (গ) নিম্ন আয়ের এলাকা উন্নয়নের জন্য নিম্ন আয় কমিউনিটি উন্নয়ন কমিটি ( LINIC). | অনুমোদিত লিনিক এর কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ করা হয়। | ১। ২২টি লিনিক প্রকল্প পরিচালক মহোদয়ের নিকট দাখিল করা হয়েছে। একটি প্যাকেজে ০৫টি লিনিক এর অনুমোদন পাওয়া গিয়াছে এবং তার কার্যক্রম চলমান আছে। | কার্যক্রম চলমান আছে। | ১) ইমরান হোসেন উপ-সহকারী প্রকৌশলী<br>২) মোঃ ইউসুফ আলী উপ-সহকারী প্রকৌশলী টুঙ্গিপাড়া পৌরসভা। |
| ৪. | **স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি** | | | | |
| | (ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | ট্যাক্স আদায়ের হার বাড়ানোর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সুপারিশ করা হয়।<br>দীর্ঘ দিনের বকেয়া কর আদায়ের জন্য আইনি ব্যবস্থা গ্রহনের সুপারিশ করা হয়। | ১। ট্যাক্স আদায়ের হার বাড়ানো জন্য প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে মাইকিং করা হয়েছে।<br>২। ১লা জুলাই/২০২৪ থেকে বকেয়া করের পরিমান দাড়ায় ৯২,০৮,৭৬২/- টাকা এবং হাল দাবীর পরিমান ১৩৫৫৯৬৯৩/- টাকা, সর্বমোট দাবীর পরিমান ২,২৭,৬৮,৪৫৫/- টাকা। সর্বমোট (চলতি+বকেয়া) জুলাই-সেপ্টেম্বর/২৪ইং পর্যন্ত আদায় ১৬০১৮৭২/- টাকা, যা দাবীর ৭.০৩%।<br>৩। TLCC-এর সভাপতি বলেন যে, কর আদায়ের কাজে সহযোগীতা প্রদান করার জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরদের সহযোগীতা একান্ত প্রয়োজন। | প্রত্যেক ওয়ার্ডে প্রতি মাসে কত টাকা আদায় হয়েছে তা কাউন্সিলরদের জানাতে হবে এবং কর আদায় কার্যক্রমে তাদেরকে সংযুক্ত করার সুপারিশ করা হয়। | শেখ আহসান হাবীব কর আদায়কারী, টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ -(হোল্ডিং ট্যাক্স ব্যাতিত)। | পরোক্ষ করের আদায়ের হার বাড়ানোর জন্য বিভিন্ন উৎস খুজে বের করার সুপারিশ করা হয়। | ১। TLCC-এর সভাপতি জানান ট্রেড লাইসেন্স, নাগরিক সনদ সহ বিভিন্ন সনদ ডিজিটালাইজড হয়েছে। সেবা প্রত্যাশীগন অনলাইনে আবেদন করতে পারবেন এবং বিকাশ বা অন্য সব লেনদেনের মাধ্যমে ফি পরিশোধ করে আপনি আপনার সেবা গ্রহন করতে পারবেন।<br>২। ২০২৪-২৫ অর্থ বছরের পরোক্ষ কর দাবীর পরিমান ২,৪৮,৬৫,৬৬০/- টাকা চলতি কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর/২৪ ইং) আদায়ের পরিমান ৪৯,০৩,৭৪৯/- টাকা। যা সর্বমোট দাবীর ১৯.৭২% আদায় । | পরোক্ষ কর আদায় বৃদ্ধির জন্য পৌর এলাকার দোকান গুলোর তালিকা করে সঠিক নিয়মে লাইসেন্স প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহন করার সুপারিশ করা হয়। | ১। পৌর নির্বাহী কর্মকর্তা,<br>২। হিসাব রক্ষণ কর্মকর্তা ও<br>৩। কর আদায়কারী টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রর্বতন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন। | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | কম্পিউটারে বিল প্রিন্ট করে বাড়ীতে বাড়ীতে নিয়মিত প্রেরন করা হয়। | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | শেখ আহসান হাবীব |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | | | কর আদায়কারী , টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ। | | ২০২৪-২৫ অর্থ বছর শেষে ০১ জুলাই ২০২৪ইং তারিখে পানির বিলের বকেয়া বিলের পরিমান দাড়ায় ২৪,২৫০০০/- টাকা। ২০২৪-২৫ অর্থ বছরে চলতি কোয়ার্টারে অর্থাৎ (জুলাই-সেপ্টেম্বর/২৪ইং) মাসে দাবীর পরিমান ৩২৯৭৯০০/- টাকা এবং সর্বমোট দাবীর পরিমান ৫৭২২৯০০/- টাকা। জুলাই-সেপ্টেম্বর/২৪ইং পর্যন্ত সর্বমোট আদায়ের পরিমান ৩০৪৭৮৫৫/- টাকা হয়েছে, যা দাবীর ৫৩.২৬%। | পানির বিল আদায় কার্যক্রমে কাউন্সিলরগণকে সম্পৃক্ত করে আদায় কার্যক্রম তরান্বিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, টুঙ্গিপাড়া পৌরসভা। |
| ৫. | **আর্থিক ব্যাবস্থাপনা, দায়বদ্ধতা এবং স্থায়িত্বশীলতা** | | | | |
| | (ক) সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন-( সূত্র :পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা )। | ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বরাদ্দ অনুযায়ী কাজ করার সুপারিশ করা হয়। | বরাদ্দকৃত বাজেট অনুযায়ী কার্যক্রম চলমান রাখতে হবে। জনগুরুত্বপূর্ন বিষয়কে অগ্রাধিকার দিয়ে কার্যক্রম পরিচালনা করতে হবে। এ বিষয়ে কাউন্সিলদের ও সক্রিয় হতে হবে। | কাউন্সিলরগণকে সম্পৃক্ত করে কার্যক্রম চলমান রাখতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (খ) অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা ) সম্পন্ন করা ( সূত্র :পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা )। | কার্যক্রমটি চলমান রাখতে হবে। | হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা নিয়মিত আহবান করা হয় এবং প্রতি মাসের আয়-ব্যয় বিবরনী প্রস্তুত করে সভাকে অবহিত করা হয়।<br>জনাব রোজিনা পারভীন, হিসাব রক্ষণ কর্মকর্তা বলেন অডিট এবং একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটির সভা নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়েছে। | কার্যক্রম চলমান রাখতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (গ) কম্পিউটার ভিত্তিক হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন । | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | কম্পিউটার ভিত্তিক হিসাব ব্যবস্থা প্রবর্তন নিয়মিত রাখা ও স্বচ্ছতার সাথে নিয়মিত যথা সময়ে আয়-ব্যয় বিবরণী প্রিন্ট করে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়। | কার্যক্রম চলমান রাখতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (ঘ) স্টাফদের বেতন , বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ এবং ঋণ পরিশোধ । | বকেয়া বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল অতিসত্ত্বর পরিশোধ করতে হবে। | ২০২৪-২৫ অর্থ বছরে বকেয়া বিদ্যুৎ বিল ৫৭৬০৩৬ টাকা এবং চলতি বিদ্যুৎ বিল ১২১৫৯১১/-সর্বমোট বিদ্যুৎ বিল ১৭৯১৯৪৭/- ও পরিশোধ করা হয়েছে ৪১৫৫৬৩/-। টেলিফোন বিল বকেয়া ২৩৪৭ টাকা এবং চলতি ৪৬৯২ টাকা এবং সর্বমোট বিল ৭০৩৯/- কোন টেলিফোন বিল পরিশোধ করা হয়নি এবং কোন ঋণ নাই । | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধের প্রক্রিয়াধীন। | হিসাবরক্ষণ কর্মকর্তা টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | ঙ) স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন। | ডাটাবেজ তৈরীর কাজ দ্রুত শেষ করার সুপারিশ করা হয়। | স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ তৈরী করা হয়েছে। কিন্তু কম্পিউটারে ডাটাবেজ তৈরী করার জন্য উপ-সহকারী প্রকৌশলী জনাব ইমরান হোসেন কে সফট্ওয়ার প্রশিক্ষন দেওয়া হয়েছে। তিনি ডাটাবেজ তৈরি করছেন। | ১৫/১০/২০২৪ তারিখের মধ্যে ডাটবেজ সম্পন্ন করতে হবে। | ইমরান হোসেন উপ-সহকারী প্রকৌশলী টুঙ্গিপাড়া পৌরসভা। |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৬. | অপারেশন এবং রক্ষনাবেক্ষন (O&M) এবং ব্যবস্থাপনা | | | | |
| | ক. বার্ষিক বাজেটের ২৫% বিধানসহ জেন্ডার কার্যক্রমের বার্ষিক অপারেশন এবং রক্ষনাবেক্ষন (O&M) পরিকল্পনা প্রস্তুত করা। | বার্ষিক বাজেটের ২৫% বিধানসহ জেন্ডার কার্যক্রমের বার্ষিক অপারেশন এবং রক্ষনাবেক্ষন (O&M) পরিকল্পনা প্রস্তুত করার সুপারিশ করা হয়েছে। | বার্ষিক বাজেটের ২৫% বিধানসহ জেন্ডার কার্যক্রমের বার্ষিক অপারেশন এবং রক্ষনাবেক্ষন (O&M) পরিকল্পনা সম্পন্ন করা সম্ভব হয়নি। | ১০/১০/২০২৪ তারিখের মধ্যে কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | খ. অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষনাবেক্ষণের জন্য Mobile Maintenance Team (MMT) কার্যকর রাখা। | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষনাবেক্ষণের জন্য Mobile Maintenance Team (MMT) কার্যকর রাখার সুপারিশ করা হয়। | ১। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষনাবেক্ষণের জন্য Mobile Maintenance Team (MMT) কার্যকর রাখার জন্য কমিটি গঠন করা হয়েছে । অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষনাবেক্ষন Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করন এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরের পৌরসভার রাজস্ব ও উন্নয়ন তহবিল থেকে ২০,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>২। ক্ষতি গ্রস্থ কাজগুলো নিয়মিত রক্ষনাবেক্ষণ করা হয় এবং প্রয়োজনীয় মেরামত করা হচ্ছে। কাজের গুনগত মান সন্তোষ জনক আছে।<br>৩। UIIP- প্রকল্পের আওতায় মোট ১০টি প্যাকেজের টেন্ডার আহবান করা হয়েছিল। তারমধ্যে ৮টি কাজ সমাপ্ত হয়েছে ২টি কাজ চলমান আছে ও একটি প্যাকেজের দরপত্র আহবান করা হয়েছে।<br>৪। IUIDP-Phase-2 প্রকল্পের আওতায় সকল কাজ সমাপ্ত করা হয়েছে। পাচটি প্যাকেজের দরপত্র অনুমোদনের জন্য প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরন।<br>৫। কোভিড-১৯ প্রকল্পের ০২ টি কাজ চলমান আছে। এর গড় অগ্রতি ৭০%। | প্রণয়নকৃত অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষনাবেক্ষন কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | | নতুন প্রকল্পের কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ করা হয়। | ৬। IUGIP- প্রকল্পের একটি প্যাকেজের দরপত্র অনুমোদন পাওয়া গিয়াছে এবং ঠিকাদারকে NOA প্রদান করা হয়েছে।<br>৭। UIIP প্রকল্পের আওতায় নতুন করে দুটি প্যাকেজ টেন্ডার আহবান করা হয়েছে। ইতি পূর্বে একটি প্যাকেজের টেন্ডার আহবান করা হয়েছিল। তারমধ্যে ৮টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং ০২টি প্যাকেজের কাজ চলমান আছে। | দ্রুততম সময়ের মধ্যে গুনগতমান নিশ্চিতপূর্বক কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী টুঙ্গিপাড়া পৌরসভা। |
| ৭. | জরিপকৃত রাস্তা, ড্রেন নেটওয়ার্ক এবং অন্যান্য সম্পদের তালিকা | | | | |
| | ক. রাস্তা ও ড্রেন নেটওয়ার্কের অবস্থা জরিপ করা এবং নথিভুক্তকরণ। | রাস্তা ও ড্রেন নেটওয়ার্কের অবস্থা জরিপ করে তা নথিভুক্তকরণ সম্পন্ন করতে | অফিসার্স কোয়ার্টার এর পিছন থেকে পাকা রাস্তা পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান করা একান্ত প্রয়োজন। | এক মাসের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী টুঙ্গিপাড়া পৌরসভা। |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | হবে। সে অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | | | |
| ৮. | **প্রশাসনিক স্বচ্ছতা** | | | | |
| | (ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা ( সূত্র :পৌরসভা আইন , ২০০৯ এর ৫৫ ধারা ) | সকল স্থায়ী কমিটির সভা নিয়মিত করার সুপারিশ করা হয়। | স্থায়ী কমিটির সব সভা নিয়মিত আয়োজনের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আরো তৎপর হওয়া প্রয়োজন । | | সাচিবিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (খ) সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | দক্ষতা বৃদ্ধির জন্য সকল প্রশিক্ষনে অংশ গ্রহন করা হয়। | | প্রধান নির্বাহী কর্মকর্তা টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি (IIT) ব্যবহার করা-( সূত্র :পৌরসভা আইন , ২০০৯ এর ৫৪-ধারা ) | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | পৌরসভার সকল তথ্য ওয়েব সাইটে আপলোড হচ্ছে বলে প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে জানান। | | মোঃ জুয়েল আহমেদ হিসাব সহকারী টুঙ্গিপাড়া পৌরসভা। |
| ৯. | **পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা** | | | | |
| | (ক) বর্জ্য সংগ্রহ, অপসারন এবং ব্যবস্থাপনা | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ১। বর্জ্য সংগ্রহ, অপসারন এবং ব্যবস্থাপনা এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরে পৌরসভার রাজস্ব ও উন্নয়ন তহবিল থেকে ৩০,০০,০০০/= টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>২। বর্জ্য সংগ্রহের জন্য পৌর এলাকার মধ্যে বিভিন্ন স্থানে বিন স্থাপন করা হয়েছে এবং ময়লা আবর্জনা সংগ্রহ করে পৌরসভার বাহিরে নির্দিষ্ট স্থানে ফেলা হচ্ছে।<br>৩। পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনার লক্ষ্যে অধিগ্রহনকৃত জায়গাটি পৌরসভার নিকট সরেজমিনে বুঝিয়া দেওয়ার জন্য জেলা প্রশাসক মহোদয় বরাবর অক্টোবর মাসের ০৫ তারিখের মধ্যে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।প্রণয়নকৃত বর্জ্য সংগ্রহ, অপসারন এবং ব্যবস্থপনার কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। পৌরসভার দৈনন্দিন কাজে সরকারী নির্দেশনা মোতাবেক পানির বোতল/প্লাস্টিকের বোতল ব্যবহার নিষিদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। শেখ মোস্তাইনবিল্লাহ কর নির্ধারক, টুঙ্গিপাড়া পৌরসভা।<br>২। মোঃ ইউসুফ আলী উপ-সহকারী প্রকৌশলী টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (খ) ড্রেন পরিষ্কার ও রক্ষনাবেক্ষণ। | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ১। ড্রেন পরিষ্কার ও রক্ষনাবেক্ষন এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরে পৌরসভার রাজস্ব ও উন্নয়ন তহবিল থেকে ২৮,০০,০০০/- টাাক বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>২। যে সমস্ত টয়লেটের সংযোগ ড্রেন/খালের সাথে ছিল তা অপসারন করা হয়েছে।<br>৩। TLCC-এর নাগরিক সমাজের প্রতিনিধি জনাব কাকলী বলেন যে, ০৪ নং ওয়ার্ডের ড্রেন পরিষ্কার করা প্রয়োজন এবং একটি সোলারের ব্যবস্থা করা প্রয়োজন।<br>৪। TLCC-এর নাগরিক সমাজের প্রতিনিধি জনাব শেখ সিরাজুল ইসলাম খোকন বলেন যে, ০৫ নং ওয়ার্ডের তাদের | ১।প্রনয়ণকৃত ড্রেন পরিষ্কার ও রক্ষনাবেক্ষন কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২।কাজীপাড়া সরদারপাড়া এলাকায় জলাবদ্ধতা নিরসনে IUGIP | ১। নির্বাহী প্রকৌশলী<br>২। শেখ মোস্তাইন বিল্লাহ কর নির্ধারক টুঙ্গিপাড়া পৌরসভা। |

| ক্রমিক নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়ীত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | বাড়ির সামনে যে ড্রেন তা পরিষ্কার করা প্রয়োজন এবং পানি জমে রয়েছে তা নিষ্কাষনের ব্যবস্থা করা প্রয়োজন।<br>৫।কাজীপাড়া সরদারপাড়া এলাকায় জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মান করার জন্য প্রস্তাব।<br>৬।TLCC-এর সদস্য ও কাউন্সিলর জনাব কাজী আরিফুজ্জামান বলেন যে,০৪ নং ওয়ার্ডের উপজেলা মডেল মসজিদের সামনে পানির সমস্যা এবং দ্রুত ব্যবস্থা গ্রহন করা। | প্রকল্প থেকে ড্রেন নির্মান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ১। সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরেও পৌরসভার রাজস্ব ও উন্নয়ন তহবিল থেকে ৩৩,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে ও একটি কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে।<br>২। TLCC-এর শহুরে দরিদ্র জনগোষ্ঠী সমাজের প্রতিনিধি জনাব মোঃ আবু জাফর খান বলেন যে, ০৩ নং ওয়ার্ডের রাস্তা করা প্রয়োজন এবং বেশ কয়েকটি সোলারের ব্যবস্থা করা প্রয়োজন।<br>৩। TLCC-এর নাগরিক সমাজের প্রতিনিধি জনাব মোঃ ফেমাস শেখ বলেন যে, পৌর কবরস্থানের পাশে স্ট্রীট লাইটের ব্যবস্থা করা প্রয়োজন।<br>৪। সড়ক বাতি ৯৮% সচল আছে, শত ভাগ সচল রাখার কাজ চলমান।<br>৫। টুঙ্গিপাড়া পৌর কবরস্থান উন্নয়নের একটি প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্প পরিচালক বরাবর প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রণয়নকৃত সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থার কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মোঃ ইউসুফ আলী<br>উপ -সহকারী<br>টুঙ্গিপাড়া পৌরসভা। |
| | (ঙ) স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা। | প্রক্রিয়াটি চলমান রাখতে হবে। | ১। স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা এর কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থ বছরের পৌরসভার রাজস্ব ও উন্নয়ন তহবিল থেকে ৪,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং একটি কর্মপরিকল্পনা পুনরায় তৈরী করা হয়েছে।<br>২। বর্তমানে অস্বাস্থ্যকর লেট্রিন অপসারন করা হচ্ছে এবং যাতে অস্বাস্থ্যকর লেট্রিন তৈরী করতে না পারে সে বিষয়ে ব্যবস্থা নেওয়া হচ্ছে। তাছাড়া মাইকিং করে জনগনকে সচেতন করা হচ্ছে। | প্রণয়নকৃত স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনার কর্ম পরিকল্পনা সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | শেখ মোস্তাইন বিল্লাহ<br>কর নির্ধারক,<br>টুঙ্গিপাড়া পৌরসভা। |

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

মোঃ গোলাম কবির
প্রশাসক ও সভাপতি, টিএলসিসি
টুঙ্গিপাড়া পৌরসভা